

তারিখ: ০৬/০৫/২০২৪ খ্রি.

২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আগামী ০৭/০৫/২০২৪ হতে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে Online -এ আবেদন সম্পন্ন করতে হবে। আবেদনকারীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাধান: ১৬/০৫/২০২৪ হতে ২০/০৫/২০২৪ খ্রি.

২। আবেদনের যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে।

(গ) কারাবন্দীগণ অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে উত্তম আচরণের প্রত্যয়নপত্র এবং কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

৩। আবেদনের নিয়মাবলী:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশনে ক্লিক করতে হবে এবং প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্যান্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে অঙ্গীকারনামা আপলোড করতে হবে।

(গ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(ঘ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।

(ঙ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। অনুমোদিত বিষয়সমূহ: ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লেখ্য যে, বিষয় নির্বাচনের ক্ষেত্রে- স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে পঠিত বিষয় অবশ্যই হতে হবে।


৫। নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:

(ক) আবেদনের সাথে সকল পরীক্ষার নম্বরপত্র ও সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।


(খ) স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স/১ম পর্ব মাস্টার্স পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(গ) বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত নই এবং দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো- মর্মে অঙ্গীকারনামা।

(ঘ) আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, ইনকোর্স ফি ও অন্যান্য ফি বাবদ ১,৪৫০/- (এক হাজার চার শত পঞ্চাশ) টাকা।


০৬.০৫.২০২৪
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;

৩। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;

৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;

৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;

৬। সংরক্ষণ নথি।